গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিসংখ্যান অফিস
বাবুগঞ্জ, বরিশাল
www.bbs.babuganj.barisal.gov.bd

স্মারক নম্বর-৫২.০১.০৬০৩.০০০.০৪.০০১.২০-০৪৬

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ
০৯ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

# শুমারিকর্মী নির্বাচন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর মূল শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রমে' তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার' পদে নির্বাচনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে শুধু মাত্র বাবুগঞ্জ উপজেলা এর আওতাধীন ০৬টি ইউনিয়ন এ স্থায়ী ভাবে বসবাসকারী বেকার যুবক/যুবতী এবং ছাত্র /ছাত্রীদের নিকট হতে স্বহস্তে পূরণকৃত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্র:নং | পদের নাম | প্রাপ্য ভাতাদি (টাকা) | প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা (অভিজ্ঞতা) |
|---|---|---|---|
| ০১) | সুপারভাইজার | প্রকল্পের ডিপিপি সংস্থান অনুযায়ী সম্মানিভাতা প্রাপ্য হবেন | ১) ন্যূনতম এইচএসসি বা সমমানের পাস হতে হবে। তবে স্নাতক উত্তীর্ণদের অভিজ্ঞতা বিবেচনায় অগ্রাধিকার প্রদান করা হবে।<br>২) এন্ড্রয়েড মোবাইল ফোন পরিচালনায় দক্ষ হতে হবে।<br>৩) Computer Assisted Personal Interview (CAPI) পদ্ধতিতে বিবিএস কর্তৃক পরিচালিত জরিপে অংশগ্রহণকারীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।<br>৪) সংশ্লিষ্ট মৌজা/গ্রামে বসবাসকারী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০২) | তথ্যসংগ্রহকারী | ঐ | ১) ন্যূনতম এইচএসসি বা সমমানের পাস হতে হবে।<br>২) এন্ড্রয়েড মোবাইল ফোনপরিচালনায় দক্ষ হতে হবে।<br>৩) Computer Assisted Personal Interview (CAPI) পদ্ধতিতে বিবিএস কর্তৃক পরিচালিত জরিপে অংশগ্রহণকারীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।<br>৪) সংশ্লিষ্ট মৌজা/গ্রামে বসবাসকারী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |

**শর্তাবলী:**

১. নির্ধারিত আবেদন ফরম উপজেলা পরিসংখ্যান অফিস, বাবুগঞ্জ, বরিশাল এর ওয়েবসাইট **(www.bbs.babuganj.barisal.gov.bd)** হতে ডাউনলোড করা যাবে। এছাড়াও বাবুগঞ্জ উপজেলাধীন ০৬ টি ইউনিয়ন এর ইউনিয়ন ডিজিটাল সেন্টার এ আবেদন ফরম পাওয়া যাবে।

২.মূল শুমারি (২৫-৩১ অক্টোবর, ২০২১) কার্যক্রমের সময় মোট ০৭ (সাত) দিন। প্রতি তথ্য সংগ্রহকারী নির্দিষ্ট গণনা এলাকা উক্ত ০৭ (সাত) দিনে কম-বেশি ১২০-১৫০ খানার তথ্য সংগ্রহ করবেন এবং মূল শুমারি পূর্ববর্তী ০২ দিন সংশ্লিষ্ট গণনা এলাকা সরেজমিনে পরিদর্শনপূর্বক সকল খানা তালিকাভুক্ত করবেন।

৩. মূল শুমারি কালীন সময়ে প্রতি সুপারভাইজার কমপক্ষে ৫-৬ জন তথ্য সংগ্রহকারীর মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ ও মূল শুমারি পূর্ববর্তী খানা তালিকাভুক্তকরণ কাজ সরজমিনে পরিদর্শনপূর্বক তদারকি করবেন।

৪.মূল শুমারিতে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্ট ফোন রয়েছে (যার এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব ও স্ক্রীন-সাইজ নূন্যতম ৫.০ (পাঁচ) ইঞ্চি) এবং এন্ড্রয়েড মোবাইল ফোন পরিচালনায় দক্ষ প্রার্থীগণই শুধু আবেদন করতে পারবেন।

৫. কেবল মাত্র বেকার যুবক/যুবতী এবং ছাত্র/ছাত্রীগণ শুমারিকর্মী হিসেবে আবেদন করতে পারবেন। চাকরিরত কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

৬. ০১/০৬/২০২১ তারিখে তথ্যসংগ্রহকারীর বয়স ১৮-৩৫ বছর এবং সুপারভাইজারের বয়স ২৩-৪০ বছর মধ্যে হতে হবে। (তবে শর্তাবলী পূরণসাপেক্ষে বিবিএস কর্তৃক পরিচালিত বিভিন্ন জরিপ কাজে অংশ গ্রহণকারীগণের ক্ষেত্রে প্রার্থীর বয়স শিথিলযোগ্য।)

৭. মূল শুমারি চলাকালীন প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত থাকতে পারবেন না।

৮. নিয়োগের শর্তাবলী পরিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।

৯. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।

১০.ইতোপূর্বে যেসকল প্রার্থী তালিকাকারী ও সুপারভাইজার হিসেবে নির্বাচিত হয়েছেন তারা মূল শুমারিতে তথ্যসংগ্রহকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন (প্রার্থীদের আগ্রহ এবং বর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে)। তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নাই।

**১১.নির্বাচিত তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারগণ আবশ্যিকভাবে নিজস্ব স্মার্টফোন ব্যবহার করে ই-ট্রেনিং এ অংশগ্রহণ করবেন এবং ই-ট্রেনিং এ সফল হলেই কেবল মূল শুমারিতে চূড়ান্তভাবে মনোনিত হবেন।**

১২. তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারগণের সম্মানি ভাতাদি বিকাশ হিসাবের মাধ্যমে পরিশোধ করা হবে বিধায় যোগাযোগের মোবাইল নম্বর এ আবশ্যিকভাবে সচল বিকাশ হিসাব থাকতে হবে।

১৩.আবেদনপত্রের খামের উপর পদের নাম, নিজ ইউনিয়নের নাম, সচল বিকাশ হিসাবসহ মোবাইল নম্বর এবং মৌজার/গ্রামের নাম উল্লেখপূর্বক বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী **১৯/০৮/২০২১ খ্রিঃ** তারিখের মধ্যে বরাবর উপজেলা পরিসংখ্যান অফিস, বাবুগঞ্জ, বরিশাল এর নির্দিষ্ট বাক্সে সরাসরি অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। উল্লেখিত তারিখের পরে কোন আবেদন গ্রহণ করা হবেনা এবং সাক্ষাৎকারের তারিখ আবেদনপত্র জমাদানকালীন সময়ে অফিস কর্তৃক জানানো হবে।

১৪. সাক্ষাৎকার গ্রহণকালীন প্রার্থীকে তার শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের মূলকপি অবশ্যই প্রদর্শন করতে হবে এবং উল্লিখিত মোবাইল ফোন সাথে নিয়ে আসতে হবে।

১৫. মূল শুমারির জন্য নির্বাচিত তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও উপজেলা, উপজেলা পরিসংখ্যান অফিস, বাবুগঞ্জ, বরিশাল এবং ইউনিয়ন পরিষদের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

**১৬.শুমারিকর্মী (তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার) যাচাই-বাচাই সংক্রান্ত বিষয়ে প্রার্থীর কোন প্রকার তদবির সরাসরি প্রার্থীর অযোগ্যতা মর্মে গণ্য হবে।**

১৭.তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত উপজেলা শুমারিকর্মী যাচাই-বাচাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৯/০৮/২০২১

(মোঃ আমিনুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
বাবুগঞ্জ, বরিশাল
ও
সভাপতি
উপজেলা শুমারিকর্মী যাচাই-বাচাই কমিটি
বাবুগঞ্জ, বরিশাল।

ফরম নং___________

(অফিস কর্তৃক পূরণীয়)

# আবেদন ফরম

(প্রার্থী স্বহস্তে পূরণ করুন)

পাসপোর্ট সাইজের ছবি

**পদের নামঃ** ☐ সুপারভাইজার ☐ তথ্যসংগ্রহকারী

[প্রযোজ্য পদের উপরে টিক (√) চিহ্ন দিন]

০১. প্রার্থীর নাম বাংলায় : ............................................................

ইংরেজি বড় অক্ষরে : ............................................................

০২. পিতার নাম বাংলায় : ............................................................

ইংরেজি বড় অক্ষরে : ............................................................

০৩. মাতার নাম বাংলায় : ............................................................

ইংরেজি বড় অক্ষরে : ............................................................

০৪. স্থায়ী ঠিকানা (ইংরেজি বড়অক্ষরে)

VILLAGE : ............................................................

POST OFFICE : ............................................................ POST CODE: ............................................................

UNION : ............................................................ UPAZILA: ............................................................

DISTRICT : ............................................................

০৫. বর্তমান ঠিকানা (ইংরেজি বড় অক্ষরে)

AGEVILL : ............................................................

MAUZA : ............................................................ POST Office : (with post code) ............................................................

UNION : ............................................................ UPAZILA: ............................................................

DISTRICT : ............................................................

০৬. জাতীয় পরিচয়পত্রের নম্বর (ইংরেজিতে) : ............................................................

০৭. জন্ম তারিখ (ইংরেজিতে) : ............................................................

০৮. শুমারি/ জরিপ কাজে পূর্ব অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) : ............................................................

০৯. সচল বিকাশ হিসাবসহ মোবাইল নম্বর (ইংরেজিতে) : ............................................................

১০. নিজস্ব স্মার্টফোন আছে কিনা? (বৃত্তায়িত করুন) হ্যাঁ না

উত্তর 'হ্যাঁ' হলে, আপনার স্মার্টফোনের-

নাম ও মডেল নং :

Android Verson : ............................................................

স্ক্রীনসাইজ (ইঞ্চি) : ............................................................

১১. শিক্ষাগত যোগ্যতার বিবরণঃ

| পরীক্ষার নাম | বিভাগ/বিষয় | প্রাপ্ত জিপিএ/শ্রেণি/সিজিপিএ | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাদি সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব। আমি আরও অঙ্গীকার করছি যে, আবেদনকৃত পদে নির্বাচিত হলে আমার উপর অর্পিত দায়িত্ব নির্দেশনা মোতাবেক নিষ্ঠা ও সততার সাথে যথাযথভাবে পালন করব।

তারিখঃ ☐☐☐☐ 2 0 2 1

প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

সংযুক্তিসমূহঃ

ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি। খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।

গ) সদ্যতোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজ (সত্যায়িত) ও ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের ছবি। ঘ) [illegible]